

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
অডিট ও আইন শাখা
www.mos.gov.bd

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : অশোক মাধব রায়, সচিব।
সভার তারিখ : ০৯-০৫-২০১৭ খ্রিঃ।
সময় : বেলা ০২.৩০ ঘটিকা।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং ৮০৬-৮০৮)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট-ক।

আলোচনা :

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে শেখ কামরুল হাসান, উপসচিব ও এপিএ ফোকাল পয়েন্ট মন্ত্রণালয়ের ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী লক্ষ্যমাত্রায় ঘাটতিসম্পন্ন সংস্থা ভিত্তিক কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত সংস্থা ভিত্তিক ঘাটতি থাকা কার্যক্রমসমূহ জুন-২০১৭ এর মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করার উপর গুরুত্ব প্রদান করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

সিদ্ধান্ত :

- ১) নৌপরিবহন অধিদপ্তরের নাবিকদের মান নিশ্চিতকরণ সনদ (২.১৪), সিডিসি ইস্যুকরণ (২.১৫), ফিটনেস সনদ (৩.৯), রেজিস্ট্রেশনকৃত জাহাজ (৩.১০) কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে। নাবিকদের পরীক্ষা (২.১৩) সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারার কারণ ব্যাখ্যাপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- ২) বিআইডব্লিউটিসি'র ৪টি কন্টেইনারবাহী জাহাজ নির্মাণ (২.১০), ২টি যাত্রীবাহী জাহাজ নির্মাণ (২.১১), ২টি ফেরি নির্মাণ (২.১২) সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা যথাক্রমে ০১-০৬-২০১৭ এবং ৩০-০৬-২০১৭ এর মধ্যে অর্জনের বিষয়টি নিশ্চিত করতে হবে;
- ৩) বিআইডব্লিউটিসি'র অবৈধ স্থাপনা উচ্ছেদ (২.৪), নদীর বর্জ্য অপসারণ (২.৬), নৌসহায়ক সামগ্রী স্থাপন (২.৮), মাদারীপুর ট্রেনিং ইন্সটিটিউট ভবন নির্মাণ (২.৯) সংক্রান্ত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে;
- ৪) চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কন্টেইনার হ্যান্ডলিং (১.৪), কার্গো হ্যান্ডলিং (১.৫), কন্টেইনার ও কার্গো হ্যান্ডলিং যন্ত্রপাতি সংগ্রহ (৩.২) সংক্রান্ত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে। নতুন জলযান সংগ্রহ (৩.৪.৪) সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৩০-০৫-২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে;
- ৫) বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের তামাবিল স্থলবন্দরের ওয়ারহাউজ নির্মাণ (৩.৫.১) সংক্রান্ত লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে এবং তামাবিল স্থলবন্দরের ওয়েবসাইট স্থাপন (৩.৫.২) সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৩১-০৫-২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে;
- ৬) মোংলা বন্দর কর্তৃপক্ষের অটোমেশন (১.৩), স্টাফিং ও আনস্টাফিং শেড নির্মাণ (৩.৩) সংক্রান্ত লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে। নতুন জলযান (৩.৪.২) সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৩১-০৫-২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে। কন্টেইনার হ্যান্ডলিং (১.৪.২) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারার কারণ ব্যাখ্যাপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- ৭) মেরিন একাডেমির মেরিনারদের প্রশিক্ষণ পরিচালনা (২.১৬) সংক্রান্ত লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে;
- ৮) এন এম আই এর পী-সী প্রশিক্ষণ (২.১৭) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ ব্যাখ্যাপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

- ৯) বাংলাদেশ শিপিং কর্পোরেশনের সার পরিবহন (১.৭), ক্রুড অয়েল পরিবহন (১.৬) সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ ব্যাখ্যাপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- ১০) পায়রা বন্দর কর্তৃপক্ষের ৪ লেন বিশিষ্ট রাস্তা নির্মাণ (১.৮) সংক্রান্ত লক্ষ্যমাত্রা জুন ২০১৭ এর মধ্যে অর্জন করতে হবে।
- ৩। লক্ষ্যমাত্রা পূরণের জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করতে হবে এবং সিদ্ধান্তে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জন করতে অপারগদের সুনির্দিষ্ট ব্যাখ্যা অবিলম্বে মন্ত্রণালয়কে প্রেরণ করতে হবে।
- ৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-
১৪-০৫-২০১৭
অশোক মাধব রায়
সচিব

নং ১৮.০০.০০০০.০১৬.০১.০০১.১৬ (অংশ-২)-২০

তারিখ : ১৬-০৫-২০১৭খ্রিঃ।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :-

- ১) চেয়ারম্যান, চবক/মোবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২) মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪) যুগ্ম-সচিব (আইন হালনাগাদকরণ/বাজেট/চবক ও প্রশাসন/বাস্থবক ও মবক/টিএ/অডিট ও আইন/জাহাজ/টিসি ও বিএসসি/যুগ্ম-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫) কমানডেন্ট, মেরিন একাডেমী, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৬) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৭) উপসচিব (মোবক/জাহাজ/প্রশাসন/সমন্বয় ও পাবক/টিসি ও বিএসসি/চবক/টিএ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৮) উপ-প্রধান (পরিঃ), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাস্থবক/পাবক/প্রশাসন-২/বিএসসি/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১০) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পরি:-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ১২) প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাণিজ্যিক/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

শেখ কামরুল হাসান
১৩-০৫-২০১৭
(শেখ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৭৪৪৮০